-২৮-

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
প্রবাসী কল্যাণ ভবন(১৩তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.bfsa.gov.bd

স্মারক নং- ১৩.০২.০০০০.৫০৭.১৪.০০৪.২১- ৪৫

তারিখঃ ১১ মাঘ ১৪২৭ / ২৫ জানুয়ারি ২০২১

বিষয়: মেগাশপসমূহে ডিজিটাল টেম্পারেচার ডাটালগার (TDL) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সাথে মেগাশপসমূহের প্রতিনিধিগণের ০৮ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী ঢাকা শহরের নিম্নোক্ত মেগাশপসমূহের সকল আউটলেটে হিমায়িত খাবারের নিরাপদতা নিশ্চিত করণে ১৫ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে ফ্রোজেন ফুড স্টোরেজ এলাকায় **টেম্পারেচার ডাটালগার (TDL)** স্থাপনের বিষয়ে মেগাশপসমূহকে নির্দেশনা প্রদান করা হয়। সে আলোকে আগামী ২৬ জানুয়ারি ২০২১ খ্রি. মঙ্গলবার বিকাল ৩.০০টায় টেম্পারেচার ডাটালগার (TDL) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের সম্মেলন কক্ষ (লেভেল-১৫), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকায় অনুষ্ঠিত হবে।

এমতাবস্থায়, উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৫/১/২০২০

আব্দুন নাসের খান
সচিব
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
ফোনঃ ৫৫১৩৮৬০০

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। ব্যবস্থাপনা পরিচালক, স্বপ্ন সুপারশপ, ঢাকা
২। ব্যবস্থাপনা পরিচালক, ইউনিমার্ট, ঢাকা
৩। ব্যবস্থাপনা পরিচালক,ল্যাভেন্ডার্স, ঢাকা
৪। ব্যবস্থাপনা পরিচালক, প্রিন্স বাজার, ঢাকা
৫। ব্যবস্থাপনা পরিচালক, ময়ূরি জেনারেল স্টোর, ঢাকা
৬। ব্যবস্থাপনা পরিচালক, ডেইলি শপিং, ঢাকা
৭। ব্যবস্থাপনা পরিচালক, আলমাস সুপারশপ,ঢাকা
৮। ব্যবস্থাপনা পরিচালক, মীনা বাজার, ঢাকা

**অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১। সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা অধিকার), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ।
২। পরিচালক (প্রশাসন ও অর্থ) কে , **২০ জনের চা নাস্তার ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ**
৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ **(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)**
৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
প্রবাসী কল্যাণ ভবন (১৩ তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা।
www.bfsa.gov.bd

১২ মাঘ ১৪২৭
তারিখ: ―――――――
২৬ জানুয়ারি ২০২১

বিষয়: মেগাশপসমূহে ডিজিটাল টেম্পারেটার ডাটালগার (TDL) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা।
স্থান: বিএফএসএ এর সম্মেলন কক্ষ (লেভেল ১৫)
তারিখ: ২৬ জানুয়ারি ২০২১খ্রিস্টাব্দ, মঙ্গলবার
সময়: বিকাল ৩.০০ টা

**উপস্থিতিপত্র** (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নম্বর | অংশগ্রহণকারীগণের নাম | পদবী ও কর্মস্থল | মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১. | জনাব মোঃ রেজাউল করিম | সদস্য (খাদ্যভোগ ও ভোক্তা অধিকার), বিএফএসএ ও যুগ্মসচিব | ০১৭২৬৮৯৯০৮৯<br>rejaul8283@gmail.com | |
| ২. | জনাব আব্দুন নাসের খান | সচিব বিএফএসএ | ০১৭৫৫৫৯৪৯৯৪<br>secretary@bfsa.gov.bd | |
| ৩. | জনাব আবদুর রহমান | পরিচালক (ভোক্তা, ঝুঁকি ও নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা) | ০১৭১০৮৮৫১৩৪<br>directorconsumer.bfsa@gmail.com | |
| ৪. | Md. Tamim Khan | Deputy Manager ACI logistics | 01936-004420<br>tamim@acilogistics.net | ২৬/০১/২০২১ |
| ৫. | Md Riadul Hoq | Sr. Executive QAA ACI Logistics | 01313054915<br>riadul@acilogistis.net | 26/01/2021 |
| ৬. | Md. Jasul Islam Khan | Head of operations Prince Bazar Ltd. | 01711447831<br>Jasul9671@gmail.com | 26.01.2021 |

| ক্রমিক নম্বর | অংশগ্রহণকারীগণের নাম | পদবী ও কর্মস্থল | মোবাইল ও ই-মেইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| | | | | |
| ৭. | Md. Rafiqul Islam Chowdhury | Admin Manager Prince group Mirpur | 01833155002 rafiqul23082017@gmail.com | [signature] 26.01.21 |
| ৮. | MD. Razib Alam | Head of Legal Meena Bazar | 01713-339766 razib.alam@meenabazar.com.bd | [signature] 26.01.21 |
| ৯. | Abdus Sabur Khan | Incharge Agora Ltd. | 0177-9872082 sabur.khan@rahimafrooz.com | [signature] 26.01.21 |
| ১০. | Md. Main Hasan | MGR Audit IC Meena Bazar | 01841700782 main.hasan@meenabazar.com.bd | [signature] ২৬/০১/২১ |
| ১১. | Shameem Ahmed Jaigindu | GM Operation Meena Bazar | 01713339767 shameem@gemconcorp.com | [signature] ২৬/০১/২১ |
| ১২. | মাহবুবুর রহমান | ম্যানেজার | আলমাস সুপার শপ 01720270589 | [signature] ২৬/০১/২০২১ |
| ১৩. | মো: হাবিবুর রহমান | ম্যানেজার | ইউনিমার্ট 01620013902 | [signature] |
| ১৪. | মো: সোহেল রানা | ম্যানেজার | ডেইলি শপিং 01704157991 | [signature] |

-৩৮-

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৭১-৭২, ইস্কাটন গার্ডেন, ঢাকা
www.bfsa.gov.bd

মুজিব শতবর্ষ

বিষয় : বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ ও মেগাশপসমূহের মধ্যে টেম্পারেচার ডাটালগার (TDL) বাস্তবায়ন অগ্রগতি বিষয়ক সভা।

সভাপতি : জনাব মোঃ রেজাউল করিম,
সদস্য, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

তারিখ : ২৬ জানুয়ারি, ২০২১ খ্রি.

স্থান : সম্মেলন কক্ষ, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

উপস্থিত কর্মকর্তাদের তালিকা: পরিশিষ্ট 'ক'।

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে পরিচিতি পর্বের মাধ্যমে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি তার বক্তব্যে মুজিব বর্ষে বৈশ্বিক প্যানডেমিক পরিস্থিতিতে জনসাধারনের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা বিবেচনায় খাদ্য ব্যবসা পরিচালনা করায় খাদ্য ব্যবসায়ীদের ভূয়সী প্রশংসা করেন। ভোক্তার আস্থা, গ্রহণযোগ্যতা, এবং খাদ্যের আদর্শ মান (স্ট্যান্ডার্ড) সর্বোচ্চ পর্যায়ে উন্নীতকরণের মাধ্যমে খাদ্য ব্যবসা সমৃদ্ধ করতে উপস্থিত প্রতিনিধিদের আহ্বান জানান। ভ্যালু চেইন ম্যানেজমেন্ট উন্নতকরণ এবং হিমায়িত খাবারের নিরাপদতা নিশ্চিত করণে দুধ ও দুগ্ধজাত, মাংস ও মাংসজাত, মৎস্য ও মৎস্যজাত, পণ্য তথা উচ্চ ঝুঁকি সম্পন্ন খাদ্য পণ্য সংরক্ষণ এলাকায় কুল চেইনে টেম্পারেচার (Cool Chain Temperature) ডাটালগার স্থাপনের মাধ্যমে মেগাশপসমূহের সহযোগিতা কামনা করেন। পরিশেষে খাদ্য ব্যবসায়ীদেরকে মোড়কাবদ্ধ খাদ্য লেবেলিং প্রবিধানমালা-২০১৭ এবং খাদ্য পণ্য ও পণ্যজাত দ্রব্যে স্থায়ী স্টিকার লাগানোর আহ্বান জানান।

**আলোচনা শেষে মেগাশপ সমূহে নিম্নলিখিত পদক্ষেপ সমূহ গ্রহণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়-**

১. আগামী ২৬ মার্চ, ২০২১ খ্রি. মহান স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী তে হিমায়িত খাবার সংরক্ষণাগার, পরিবহন যান এবং বিক্রয়স্থলে টেম্পারেচার ডাটালগার (TDL) স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নিতে হবে।
২. জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে মেগাশপসমূহ বিএফএসএ-এর সরবরাহকৃত নিরাপদ খাদ্য বিষয়ক টিভিসি তাদের ডিজিটাল মনিটরে প্রচারের ব্যবস্থা নিবে।
৩. মেগাশপসমূহ তাদের ফ্রিজার ভ্যানে ডিজিটাল টেম্পারেচার ডাটালগার (TDL) স্থাপন করবে।
৪. মেগাশপসমূহ তাদের বিক্রয়কেন্দ্রে খাদ্য বা খাদ্য উপকরণ গ্রহণের (Receiving) সময় সতর্কতা অবলম্বন করবে যাতে পণ্যের বাহ্যিক বা গুণগত সমস্যা সমূহ চিহ্নিত করে পৃথক করা সম্ভব হয়।
৫. খাদ্য ব্যবসার সাথে সংশ্লিষ্ট সকল পর্যায়ের কর্মীদের পর্যায়ক্রমে নিরাপদ খাদ্য বিষয়ক সচেতনতা মূলক প্রশিক্ষণ প্রদান করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৮/১/২০২১

মোঃ রেজাউল করিম
সদস্য (যুগ্ম সচিব)
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
তারিখ: ২৬ জানুয়ারি, ২০২১ খ্রি.

নম্বর: ১৩.০২.০০০০.৫০৭.১৪.০০৪.২১- ৬৫

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
২. পরিচালক (এনফোর্সমেন্ট), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব (**চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য**), বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ